

RAJAH & TANN ASIA

LAWYERS
WHO
KNOW
ASIA

সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বিষয়ক ওয়েবিনার সিরিজ বিবাদ নিষ্পত্তি

CAMBODIA | CHINA | INDONESIA | LAO PDR | MALAYSIA | MYANMAR | PHILIPPINES | SINGAPORE | THAILAND | VIETNAM



এজেন্ডা

01

স্ব-কারি-বেসরকারি অংশীদারিত্ব
(পিপিপি)

02

বিবাদ নিষ্পত্তি

03

পিপিপি বিধানের নমুনা

1. পিপিপি

পিপিপি আইন

যে বিষয়ের উপরে নির্ভর করে:


- a) চুক্তির শর্তাবলী
- b) সংশ্লিষ্ট পিপিপি আইন

নীতিমালা ও আইনগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, নির্দেশনা দেখুন:

পিপিপি/কনসেশন আইন বিষয়ে UNCITRAL-এর নির্দেশনা

একটি আধুনিক কনসেশন আইনের জন্য EBRD-র মূলনীতি

পিপিপি চুক্তির সাধারণ কাঠামো



PPP চুক্তির কাঠামো

- BOT চুক্তি (নির্মাণ – পরিচালনা – স্থানান্তর)
- BTO চুক্তি (নির্মাণ – স্থানান্তর – পরিচালনা)
- BOO চুক্তি (নির্মাণ – মালিকানা গ্রহণ – পরিচালনা)
- BT চুক্তি (নির্মাণ – হস্তান্তর)
- BTL চুক্তি (নির্মাণ – হস্তান্তর – লিজ দেয়া)



সিঙ্গাপুরের প্রথম পিপিপি প্রকল্প :
টুয়াস লবনমুক্তকরণ কারখানা
BOO চুক্তি মডেল অনুযায়ী সম্পন্ন হয়েছে।

পিপিপি – সিঙ্গাপুরের বিবেচনাসমূহ

“পিপিপি-র অধীনে, বেসরকারি খাত দীর্ঘকালীন চুক্তির মেয়াদে (সাধারণত 15 থেকে 30 বছরের মধ্যে) আরও বেশি বিস্তৃত পরিষেবা সরবরাহের প্রত্যাশা করতে পারে।

“কার্যকরভাবে এবং দক্ষতার সাথে জনসাধারণের চাহিদা মেটাতে” সরকারি ও বেসরকারি খাতের “দক্ষতা, সংস্থান ও উদ্ভাবনী শক্তির” সর্বোত্তম ব্যবহার করার মাধ্যমে সরকারি পরিষেবাগুলোকে আরও ফলপ্রসূ উপায়ে সরবরাহ করা সম্ভব।

পিপিপি কেন?

- আর্থিক পরিষেবার সুযোগ (Access to finance)
- বেসরকারি খাতের দক্ষতা এবং প্রতিযোগিতামূলক সুবিধা
- লাইফসাইকেলের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে অর্থ সাশ্রয়
- সর্বোত্তম উপায়ে ঝুঁকি শেয়ার করা
- দক্ষতা, স্পষ্ট জবাবদিহিতা ও জনস্বার্থের দিকে নিবিড় দৃষ্টি রাখার মাধ্যমে জনস্বার্থ সুরক্ষিত থাকে এবং অর্থের সর্বোত্তম ব্যবহারে পরিষেবা বিতরণ জনসাধারণের চাহিদা পূরণ করবে।

প্রতিযোগিতামূলক নাকি কমন ইন্টারেস্ট?

- **সরকার** – অবকাঠামোর মান, পরিষেবার উপযুক্ত মূল্য, সময়োচিত ডেলিভারি এবং রাষ্ট্রীয় কৌশলের সাথে সমন্বয়
- **স্পনসর** – মালিকানার অধিকার, স্বাচ্ছন্দ্যে লাইসেন্স/ পারমিট প্রাপ্তি, বাস্তবায়নযোগ্য চুক্তি, মুদ্রা রূপান্তর ও স্থানান্তর এবং আন্তর্জাতিক সালিসের শরণাপন্ন হওয়া
- **ঋণদাতা** – বাস্তবায়নযোগ্য নিরাপত্তা, ঋণ নিশ্চয়তা শক্তিশালী করা, হস্তক্ষেপ করার অধিকার (Step-in right) এবং কার্যকর বিবাদ নিষ্পত্তি

পিপিপির ফ্ল্যাসপয়েন্ট?

তালিকাটি অসম্পূর্ণ:

- সূময়ের ধারাবাহিকতায় সমস্যা সৃষ্টি হতে পারে। পিপিপি চুক্তিগুলো দীর্ঘমেয়াদী হওয়ায়, হয়ত মেয়াদ 30 বছর পর্যন্ত, তাই সুবিধাবলী এবং যে পরিষেবা ডেলিভার করার হবে তার প্রকৃতি নিয়ে বিরোধ হবার ঝুঁকি বিস্তৃত।
- আপনি পারফরমেন্স কিভাবে পরিমাপ করবেন? ফলাফল/আউটপুটের সবিস্তার বিবরণী প্রচলিতভাবে পাবলিক স্ট্যাটিস কৃত্তক প্রণয়ন করা হয়। তবে এই শর্তাবলী সাধারণত সুস্পষ্ট ইনপুটের পরিবর্তে আউটপুটের প্রত্যাশা হিসেবে প্রণয়ন করা হবে।


*এবং আরও অনেক যেমন আইনের পরিবর্তন? অর্থনৈতিক বাস্তবতার সমস্যা?
ইত্যাদি*

পিপিপির ফ্ল্যাসপয়েন্ট?

আউটপুটের সবিস্তার বিবরণী কী অর্জন করতে হবে তা ব্যাখ্যা করে
কিভাবে অর্জিত হবে তা নয়।

ইনপুটের সবিস্তার বিবরণী	আউটপুটের সবিস্তার বিবরণী
স্কুল খেলার মাঠের রক্ষণাবেক্ষণ খেলার মাঠকে অবশ্যই সপ্তাহে তিনবার ছাঁটতে ও পরিষ্কার করতে হবে।	প্রতি সপ্তাহে সাত ঘন্টা খেলার কার্যক্ষমতা খেলার মাঠের থাকতে হবে।
ড্রেন, নর্দমা ও পয়োনালী রক্ষণাবেক্ষণ প্রতিদিন কমপক্ষে একবার ড্রেন, নর্দমা এবং পয়োনালী পরিষ্কার করতে হবে।	সকল ড্রেন, নর্দমা এবং পয়োনালীকে বাধাহীনভাবে চলাচলের উপযুক্ত এবং গন্ধ থেকে মুক্ত রাখতে হবে।

পিপিপি বিবাদের কারণসমূহ



ফিগার 11: বিবাদ হয়েছে এবং কারণগুলো পাওয়া যায় এমন 30টি প্রকল্পের ভিত্তিতে দেখা যাচ্ছে যে কয়েকটি প্রকল্পের একাধিক কারণ রয়েছে।

সূত্র: <https://managingppp.github.org/data/disputes-data/> থেকে প্রাপ্ত ডাটা

12 অনুমতি ব্যতিরেকে পুনরায় প্রকাশ বা প্রচার করা যাবে না।

বিরোধের সময়রেখা

- পিপিপি বিবাদগুলোকে নির্মাণ পর্যায় বা অপারেশন পর্যায় থেকে উদ্ভূত বিরোধে শ্রেণিবদ্ধ করা যেতে পারে :

নির্মাণ পর্যায়	অপারেশন পর্যায়
নির্মাণে বিলম্ব এবং ব্যয় অতিক্রম করা	অপারেশনের ব্যয় অতিক্রম করা
কাজের সুযোগের পরিবর্তন	প্রকল্প কোম্পানির লঙ্ঘন (অপারেশনাল প্রয়োজনীয়তা পূরণের ব্যর্থতা)
কেপিআই এবং পেমেন্ট পদ্ধতি	
ভূমি পরিস্থিতি	ক্রয় কর্তৃপক্ষের লঙ্ঘন (পেমেন্টের সময়সূচী অনুযায়ী পেমেন্টে ব্যর্থতা)
পরিবেশগত এবং সামাজিক	

2. বিবাদ নিষ্পত্তি

বিরোধ নিষ্পত্তির উপায়সমূহ

- মধ্যস্থতাকারীর সহায়তায় উচ্চপদস্থ নির্বাহী পরিচালক পর্যায়ে সমঝোতা
- মধ্যস্থতা
- বিশেষজ্ঞ মীমাংসার মাধ্যমে কারিগরিমূলক বিবাদের পর্যালোচনা
- FIDIC এর অধীনে বিরোধ নিষ্পত্তি বোর্ড (Dispute Adjudication Board)

- সালিস

পাঠ করার জন্য প্রস্তাবিত উপকরণ: https://ppp.worldbank.org/public-private-partnership/sites/ppp.worldbank.org/files/ppp_testdumb/documents/disputeresolution.pdf

- মামলা

মধ্যস্থতাকারীর সহায়তায় উচ্চপদস্থ নির্বাহী পরিচালক পর্যায়ে সমঝোতা

- পিপিপি চুক্তিতে সাধারণত উপস্থিত থাকে। প্রতিটি পক্ষ একজনকে মনোনীত করতে পারে যারা সেই পক্ষের সুস্পষ্ট অনুমোদনসহ (উচ্চপদস্থ নির্বাহী পরিচালক এবং তার উপরস্থ পদমর্যাদার) যা যা করতে পারবে তা হল :

বিবাদের নিষ্পত্তি (একত্রে মিলিত হয়ে আপসে সমাধান)



সম্ভব না হলে, বিরোধ নিষ্পত্তির অন্যান্য পদ্ধতিগুলো শুরু করতে যা পিপিপি চুক্তির আওতায় নির্ধারিত রয়েছে

একটি সাধারণ সমস্যা হল কোনো দাবির আপোস বা সমাধান করতে পাবলিক সার্ভিসের অক্ষমতা। সুশাসনের বিবেচনাসমূহ? যেমন, সংশ্লিষ্ট সরকারি ব্যক্তিত্বকে কি নিষ্পত্তির পক্ষে পক্ষপাতিত্ব বা অভিসন্ধির অভিযোগে অভিযুক্ত করা হবে? পেমেন্ট কিভাবে ন্যায়সঙ্গত হবে?

মধ্যস্থতা

- 2020 সালের ফেব্রুয়ারিতে সিঙ্গাপুরের সংসদ Singapore Convention on Mediation Act 2020 ("কনভেনশন") পাস করে। বাংলাদেশ বর্তমানে এই কনভেনশনে স্বাক্ষরকারী নয়।
- মধ্যস্থতার ফলে আসা আন্তর্জাতিক নিষ্পত্তি চুক্তির জন্য এই কনভেনশনটি একটি অভিন্ন এবং ও কাঠামো।
- আন্তঃসীমান্ত বিরোধ নিষ্পত্তিতে মামলা ও সালিসের বিপরীতে মধ্যস্থতা সাধারণভাবে বিবাদ নিষ্পত্তির একটি অতিরিক্ত বিকল্প।



সুবিধা? - একটি তৃতীয় পক্ষ মধ্যস্থতাকারী আপস কাঠামোর প্রস্তাব করে?

বিশেষজ্ঞ মীমাংসার মাধ্যমে কারিগরিমূলক বিবাদের পর্যালোচনা

- একজন বিশেষজ্ঞ সাধারণত বিতর্কিত ক্ষেত্রে বাণিজ্যিক বা প্রযুক্তিগত দক্ষতা সম্পন্ন ব্যক্তি (অর্থাৎ ইঞ্জিনিয়ার)
- যেকোনো পক্ষই বিশেষজ্ঞক মুনোনীত করতে পারে এবং নির্ধারিত সময়ের মধ্যে কোনো সম্মতিতে না পৌঁছেলে সালিশ কেন্দ্রের একজন পরিচালক (উদাহরণস্বরূপ: সিঙ্গাপুর আন্তর্জাতিক সালিশ কেন্দ্রের পরিচালক বা SIAC) বিশেষজ্ঞ নিয়োগ করতে পারেন।
- পিপিপি চুক্তিতে ভিন্নভাবে বলা না থাকলে বিশেষজ্ঞের ফলাফলই চূড়ান্ত এবং পক্ষগুলোর জন্য বাধ্যতামূলক।

জিজ্ঞাসা: পক্ষগুলো কি বাধ্যতামূলক বিশেষজ্ঞ সিদ্ধান্তকে শুনানি ব্যতীত গ্রহণ করতে পারবে যেটি সাধারণত সালিস বা মামলার সাথে সংশ্লিষ্ট থাকে?

বিরোধ নিষ্পত্তি বোর্ড (“DAB”)

- দ্রুত গতির প্রক্রিয়ায় যা যা হবার কথা :
 - a) যেকোনো বিতর্কিত ইঞ্জিনিয়ারের মীমাংসার নিষ্পত্তি; এবং
 - b) সালিসের প্রয়োজনীয়তা এড়িয়ে যাওয়া
- সালিস বা আদালতে আপত্তি না উঠলে DAB এর সিদ্ধান্তই চূড়ান্ত এবং বাধ্যতামূলক।
- DAB এর কাছে কোনো বিরোধ নিয়ে যাওয়া কি বাধ্যতামূলক? প্রযোজ্য আইনের উপর নির্ভর করে

Pro: নির্মাণের সম্পূর্ণ পর্যায় জুড়ে বিরোধ পর্যালোচনা করার জন্য একটি বোর্ড গঠন?

সিঙ্গাপুরের অবকাঠামো বিবাদ-ব্যবস্থাপনা প্রোটোকল

- বৃহৎ অবকাঠামোগত প্রকল্পগুলোতে সম্পৃক্ত পক্ষগুলোকে বিরোধ ব্যবস্থাপনা করতে এবং সময় ও অতিরিক্ত ব্যয় হওয়ার ঝুঁকি হ্রাসে সহায়তা করতে 2018 সালে আইন মন্ত্রনালয়ের মাধ্যমে প্রবর্তিত।
- চুক্তির শর্তাবলীর একটি সেট যেটি কোনো অবকাঠামো ধরনের প্রকল্পে একটি বিবাদ বোর্ড নিয়োগের জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করে।
- প্রকল্পের EPC চুক্তিতে অন্তর্ভুক্ত হওয়া কাঙ্ক্ষিত।
- S\$500 মিলিয়ন অর্থ মূল্যের অধিক প্রকল্পের জন্য।

- সহজ বাস্তবায়নের জন্য জন্ম বিশ্বজুড়ে পিপিপি চুক্তিতে সালিস একটি সাধারণ বৈশিষ্ট্য।



- বাংলাদেশ এবং সিঙ্গাপুর উভয়েই 1958 সালের New York Convention on the Recognition and Enforcement of Arbitration Awards (“**New York Convention**”) এর স্বাক্ষরকারী

- সালিশ প্রক্রিয়ার গোপনীয়তা

SIAC বিধি 32.11

“বিধি 33 ও কর্মপরিকল্পনা 1 সাপেক্ষে, এই বিধিগুলোর অধীনে সালিসে রাজি হয়ে পক্ষগুলো সম্মত হচ্ছে যে পক্ষগুলোর জন্য যে তারিকে রায় প্রদান করা হচ্ছে সেই তারিখ থেকে **সকল রায় চূড়ান্ত ও বাধ্যতামূলক হবে** তারা এই রাত অনতিবিলম্বে ও তাৎক্ষণিকভাবে মেনে নেবার পদক্ষেপ গ্রহণ করবে।

পক্ষগুলো অনিবার্যভাবে যেকোনো স্টেট আদালত বা অন্যান্য বিচার বিভাগীয় কর্তৃপক্ষের কাছে এই জাতীয় রায়ের ক্ষেত্রে সকল আপিল, পর্যালোচনা বা আশ্রয় নেয়ার অধিকারও পরিত্যাগ করে যতক্ষণ পর্যন্ত এই দাবি পরিত্যাগ বৈধভাবে করা হয়।

মামলা


মূল বিবেচনা:

- স্থানীয় আদালত ব্যবস্থা
- দাবি প্রক্রিয়া করতে প্রয়োজনীয় সময়কাল
- বিচার বিভাগের নিরপেক্ষতা
- বিচার বিভাগের মান
- রায় কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সময় ও ব্যয়।



জিজ্ঞাসা: কোনো সরকারি পক্ষ কি এর পরিবর্তে তার আদালত ব্যবস্থার অধীনে মামলা করতে পছন্দ করবে? কোনো প্রকল্প কোম্পানি, বিশেষত বিদেশী কোনো কোম্পানি কি এমন কোনো সিস্টেমের অধীনে থাকতে চায় যা হয়ত রাষ্ট্রীয় স্বার্থকে অগ্রাধিকার দিবে?

নিষ্পত্তি হওয়া বিবাদে ব্যবহৃত বিবাদ নিষ্পত্তি পদ্ধতির পরিসংখ্যান



ফিগার 12: নিষ্পত্তি হওয়া 28টি প্রকল্পের ভিত্তিতে বিরোধ নিষ্পত্তির পদ্ধতি

সূত্র: <https://managingppp.github.org/data/disputes-data/> থেকে প্রাপ্ত ডাটা

3. পর্যালোচনাধীন পিপিপি বিধানের নমুনা

নমুনা পিপিপি ব্যাধি (সাইটের পরিস্থিতি)

- চুক্তি পরিমাণ ঠিকাদারদের ফ্যাসিলিটি পরিদর্শন করার সুযোগ ও ফ্যাসিলিটির সাইটে প্রবেশাধিকারের মাধ্যম এবং কার্য (অন্যান্যদের মধ্যে জলবায়ু, জলবিদ্যুৎ, জলজ, মাটি এবং সুরিধাগুলির সাইটের সুধারণ অবস্থাসহ) সম্পাদনের জন্য তাদের উপযুক্ততার ভিত্তিতে স্থির করা হয়েছে। যদি প্রযোজ্য হয় তাহলে ঠিকাদার ফ্যাসিলিটি সাইটে (পরিদর্শন করার সময় বা কার্যকর হবার তারিখের পূর্বে বুঝতে পারা যাক কিংবা না যাক) বা তার চারপাশ বা তার পাশের জলজ, স্থল এবং/অথবা মাটি এবং/অথবা অন্তর্ভূমি (Subsoil) পরিস্থিতির সাথে সংশ্লিষ্ট বা এগুলোর থেকে উদ্ভূত বিলম্ব এবং/অথবা ব্যয় এবং এবং কার্য সম্পাদনের জন্য ফ্যাসিলিটি সাইটের উপযুক্ততার জন্য দায় স্বীকার করে।
- ফ্যাসিলিটি সাইটের বা তার পুকত অবস্থার সাথে সংশ্লিষ্ট বা কার্য সম্পাদনের জন্য ফ্যাসিলিটি সাইটের উপযুক্ততা বা কোনো ত্রুটি, দ্রুতি বা ফ্যাসিলিটি সাইটের কোনো তথ্য কোনো প্রকারের বাদ যাচার জন্য যোগ কোম্পানির দ্বারা ঠিকাদারকে সরবরাহ করার সময় হয়েছে- কোম্পানি দায়ী দায় গ্রহণ করবে না (এবং ঠিকাদার ফ্যাসিলিটির অস্থায়ী স্বীকৃতি অর্জনের জন্য সীমাবদ্ধ সময়ের আতিরিক্ত সময় বা চুক্তির নিধারিত পরিমাণ থেকে আতিরিক্ত কোনো পরিমাণ বা এই চুক্তিতে কোনো পরিবর্তন করতে পারবে না।) এবং ঠিকাদার সম্পূর্ণভাবে কোম্পানির দ্বারা প্রদত্ত এ জুড়ায় সমস্ত তথ্যের নির্ভরতা, সঠিকতা এবং সম্পূর্ণতা যাচাই বাছাই করার জন্য দায়ী থাকবে এবং পরবর্তীতে এই চুক্তিতে স্বাক্ষর করার পূর্বে এই তথ্য যাচাই করে নিয়েছে বলে গণ্য করা হবে।

নমুনা পিপিপি বিধান (মূল্য সমন্বয়)

- চুক্তির মূল পরিমাণে এই ভিত্তিতে উপনীত হওয়া হয়েছে যে ফ্যাসিলিটি SGD [x] / Wp হারে [x] Wp সিস্টেম সক্ষমতা অর্জন করবে। চুক্তির সমাপ্তিটি এমনভাবে সমন্বয় **বাড়ানো বা কমানো যাই হোক না কেন** করা হবে যে এটি কর্মক্ষমতা পরীক্ষার সফল সমাপ্তির পরে নির্ধারিত হওয়া ফ্যাসিলিটির স্থাপিত যন্ত্রপাতির সামর্থ্য সাথে SGD [x] / Wp হারের গুণের পরিমাণের সমান হবে।
- **ফ্যাসিলিটির স্থাপিত যন্ত্রপাতির প্রকৃত ক্ষমতা নির্ধারিত হবার পর দ্রুততার সাথে পক্ষসমূহ সমন্বয় করা পরিমাণের বিষয়ে সম্মত হবে এবং নির্ধারণ করবে** (অনুশোর চুক্তির পরিমাণ এবং অফশোর চুক্তির পরিমাণে যেকোনো অনুবর্তী (consequential) সমন্বয়সহ)।

নমুনা পিপিপি বিধান (আইনের পরিবর্তন)

সুবিধাভোগী আইনের পরিবর্তনের সকল ঝুঁকি বহন করবে। ধারা 22.4 (a) এর মধ্যে যেভাবে বর্ণিত হয়েছে তা ব্যতীত, ছাড়গ্রহীতা আইনের কোনো পরিবর্তন থেকে উদ্ভূত হয়ে বা তার কারণে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষের কাছে কোনো দাবি করতে পারবে না। আইনের পরিবর্তনের ক্ষেত্রে ছাড়গ্রহীতার **একমাত্র প্রতিকার** আইন পরিবর্তনের ক্ষেত্রে যে পরিমাণ বিলম্ব হয় সেই পর্যন্ত নির্ধারিত বাণিজ্যিক অপারেশন তারিখের (Scheduled Commercial Operation Date) **সময়সীমা বাড়ানোর** মধ্যে সীমাবদ্ধ থাকবে বা প্রাথমিক সুবিধা সংক্রান্ত কাজ শেষ করতে বিলম্ব করবে।

নমুনা পিপিপি বিধান (অপ্রত্যাশিত পরিস্থিতি) - সম্পূর্ণ

""অপ্রত্যাশিত পরিস্থিতি"-র মানে নিম্নলিখিত যেকোনো ঘটনা বা পরিস্থিতি (কার্যকর তারিখে অনুমানযোগ্য হোক বা না হোক):

- যুদ্ধ (ঘোষিত হোক বা না হোক) বিদেশী শত্রুর আক্রমণ; সিঙ্গাপুর প্রজাতন্ত্র এবং গণপ্রজাতন্ত্রী চীন এর মধ্যে বা যেখানে এই দুই দেশ জড়িত;
- সিঙ্গাপুর প্রজাতন্ত্রের মধ্যে বিদ্রোহ, দাঙ্গা, নাগরিক উত্তেজনা, রাজনৈতিক প্রকৃতির ধর্মঘট, সন্ত্রাসবাদের কাজ বা প্রচার, বা রাজনৈতিক প্রকৃতির নাশকতা;
- জমি লিজের শর্তাবলী সংস্থা বা ঠিকাদার কর্তৃক লঙ্ঘন ব্যতীত জমি লিজের অবসান;
- আইনী কর্তৃপক্ষের পদক্ষেপ বা পদক্ষেপ গ্রহণের ব্যর্থতার ফলে হওয়া আইনী অনুমোদন;
- বাজ, ভূমিকম্প, সুনামি, অস্বাভাবিক বন্যা, ঝড়, ঘূর্ণিঝড়, টাইফুন, টর্নেডো বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ বা দৈব ঘটনা;
- **কোনো আইনী কর্তৃপক্ষ কর্তৃক কার্যকর বা বাস্তবায়িত হওয়া যেকোনো পদক্ষেপসহ মহামারী, বৈশ্বিক মহামারী বা প্লেগ (Covid-19 বা কোনো Covid-19 এর ঘটনাসহ)।**
- ধর্মঘট, ন্যূনতম কাজ (works to rule) বা ধীর গতির কাজ (go-slow) (পক্ষের কর্মীরা অথবা এমন পক্ষের যেকোনো শেয়ারহোল্ডার অথবা সেই পক্ষের শেয়ারহোল্ডারের অ্যাফিলিয়েট, মূল কিংবা অধীনস্থ কোম্পানির কোনো প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ কর্মীরা এটিকে অপ্রত্যাশিত পরিস্থিতি বলে ঘোষিত না করলে);
- পারমাণবিক, রাসায়নিক বা জৈবিক দূষণ (যদি না আক্রান্ত পক্ষ দূষণের উৎস হয়);
- দুর্ঘটনা, আগুন, বা বিস্ফোরণ (এই জাতীয় দুর্ঘটনা, আগুন, বা বিস্ফোরণ ক্ষতিগ্রস্ত দলের ত্রুটি বা অবহেলার কারণে ঘটলে তা ব্যতীত); এবং
- সিঙ্গাপুরের জনশক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত "Guidelines For Employers On Protecting Employees From The Effect" অনুযায়ী যেখানে সিঙ্গাপুরে বায়ুর মান বিপজ্জনক হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়েছে।"

নমুনা পিপিপি বিধান (সংঘটিত হবার শর্তের বিজ্ঞপ্তি)

অনুচ্ছেদ 10.1.1-এ যেভাবে বর্ণিত রয়েছে সেই অনুযায়ী ঠিকাদার ঘটনা বা পরিস্থিতি সংঘটিত হওয়ার ঘটনা থেকে আটশ (28) দিনের মধ্যে কোম্পানির প্রতিনিধিকে সময় বাড়ানোর অনুরোধ করে একটি লিখিত নোটিশ প্রদান করবে ("অতিরিক্ত সময়ের বিজ্ঞপ্তি")। অতিরিক্ত সময়ের বিজ্ঞপ্তিতে যা যা থাকবে:

- অনুচ্ছেদ 10.2.1;
- এই জাতীয় ঘটনা বা পরিস্থিতির প্রকৃতি ও ব্যাপ্তির বিবরণ;
- এক্স এই জাতীয় ঘটনা বা পরিস্থিতিতে সম্ভাব্য পরিণতি; এবং
- দাবি করা সময় বৃদ্ধির ন্যায্যতা সম্পর্কিত বিশদ বিবরণ (ঠিকাদারের কাছে থাকা পরিমাণে সকল সহায়ক নথিসহ)

অনুচ্ছেদ 10.2.1 অনুযায়ী অতিরিক্ত সময়ের বিজ্ঞপ্তি (Extension Notice) ফ্যাসিলিটির মাইলস্টোন শিডিউল (Facilities Milestone Schedule) বা ফ্যাসিলিটির নির্মাণ শিডিউল (Facilities Construction Schedule) বা নির্ধারিত অস্থায়ী স্বীকৃতির তারিখ (Scheduled Provisional Acceptance Date) (ক্ষেত্র অনুযায়ী)-এ বর্ণিত নির্ধারিত মাইলস্টোনের যেকোনো সমন্বয়ে **ঠিকাদারের অধিকারের (Contractor's Entitlement) সংঘটিত হবার শর্ত হবে (Condition Precesent)**।

শেষ কথা

- অংশগ্রহণমূলক (Bespoke) বনাম প্রচলিত ধরনের চুক্তি?
- নিয়ন্ত্রক আইন এবং বিবাদ নিষ্পত্তির জন্য আসন বাছাইয়ের সুযোগ
- চুক্তি পরিচালনা ও বিবাদ ব্যবস্থাপনা
- টেকসই উন্নয়ন (ESR)?
- দ্বিপাক্ষিক বিনিয়োগ সালিশি চুক্তি

দাবি পরিত্যাগী ঘোষণা

এই উপস্থাপনাটির উপাদানগুলো কেবলমাত্র সাধারণ তথ্যের জন্য প্রস্তুতকৃত, আলোচিত পয়েন্টগুলোর সম্পূর্ণ বিশ্লেষণ করার উদ্দেশ্যে নয়। Rajah & Tann এই উপস্থাপনাটি আইন, কর বা অর্থ সংশ্লিষ্ট পরামর্শ হিসেবেও তৈরি করেনি এবং সে হিসেবে এটিকে গ্রহণ করা যাবে না। এই উপস্থাপনার বিষয়বস্তুর কাঠামো, লেনদেন এবং চিত্রণ আপনার নির্দিষ্ট পরিস্থিতিতে বা প্রয়োজনের জন্য প্রযোজ্য বা উপযুক্ত নাও হতে পারে এবং আপনার নির্দিষ্ট পরিস্থিতির জন্য আপনার পৃথক পরামর্শ নেওয়া উচিত। কোনো নির্দিষ্ট স্থানীয় আইন বা চর্চা সম্পর্কিত সকল রেফারেন্স নির্ভরযোগ্য বলে বিবেচিত উৎস থেকে সংকলিত বা উপস্থিত হয়েছে এবং Rajah & Tann এই জাতীয় তথ্যের যথার্থতা, নির্ভরযোগ্যতা বা সম্পূর্ণতার বিষয়ে কোনো প্রতিনিধিত্ব করে না।

RAJAH & TANN ASIA

LAWYERS
WHO
KNOW
ASIA

HERE TO
GIVE YOU
HOME
ADVANTAGE



RAJAH & TANN ASIA

CAMBODIA | CHINA | INDONESIA | LAOS | MALAYSIA | MYANMAR | PHILIPPINES | SINGAPORE | THAILAND | VIETNAM

www.rajahtannasia.com

RAJAH & TANN ASIA

LAWYERS
WHO
KNOW
ASIA

আপনাকে ধন্যবাদ



Rajah & Tann Singapore LLP
9 Straits View #06-07
Marina One West Tower
Singapore 018937



+65 6535 3600



info@rajahtannasia.com



www.rajahtannasia.com